

## ২২ বিশ্ববিদ্যালয়ের ভর্তি আবেদন শেষ কাল

## জবি প্রতিনিধি

২৯ এপ্রিল ২০২৩ ০৯:১৯ পিএম | আপডেট: ২৯ এপ্রিল  
২০২৩ ০৯:১৯ পিএম

9  
Shares



## ফাইল ছবি

## advertisement

নতুন শিক্ষাবর্ষে গুচ্ছ ভুক্ত ২২ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার প্রাথমিক আবেদন শেষ হচ্ছে আগামীকাল রোববার।

১৮ এপ্রিল দুপুর ১২টা থেকে অনলাইনে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তির আবেদন শুরু হয়। আগামীকাল রোববার রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন করা যাবে।

advertisement

সূত্র জানায়, গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলোতে আজ শনিবার বিকেল পর্যন্ত দুই লাখের বেশি আবেদন জমা হয়েছে। তবে শেষ পর্যন্ত প্রায় তিন লাখ আবেদন জমা হতে পারে বলে জানান সংশ্লিষ্টরা।

অনলাইন আবেদন শেষে আগামী ২০ মে মানবিক বিভাগ, ২৭ মে বাণিজ্য বিভাগ ও ৩ জুন বিজ্ঞান বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ৮ জুনের মধ্যে ফল প্রকাশ করা হবে।

advertisement

## আরও পড়ুন: ঈদের ছুটি শেষে রোববার খুলচে শাবিপ্রবি

গুচ্ছ ভর্তি পরীক্ষা কমিটির যুগ্ম-আহ্বায়ক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইমদাদুল হক বলেন, ‘রোববার রাতে আবেদন শেষ হবে। আর সময় বাড়বে না। আবেদন শেষ হলে নির্দিষ্ট সংখ্যা জানা যাবে। এবার ২২ বিশ্ববিদ্যালয়ে কিছু আসন বাড়বে।

9  
Shares